

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) এর আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর কর্তৃক আয়োজিত অংশীজনের সভার কার্যবিবরণী।

স্থানঃ উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর এর অফিস কক্ষ।  
তারিখঃ ১৯/০৮/২৪ খ্রিঃ।  
সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।

অধ্যকার সভায় সভাপতি উপস্থিত সকলের সর্ব-সম্মতিক্রমে জনাব মোঃ রবিউল রানা, উপজেলা সমবায় অফিসার, গুরুদাসপুর, নাটোর কে সভাপতি নির্বাচন করিয়া বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি এর আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত উপজেলা সমবায় কার্যালয়, গুরুদাসপুর, নাটোর কর্তৃক আয়োজিত অংশীজনের অংশগ্রহনের সভার কাজ আরম্ভ করা হলো।

ক্রঃনং	আলোচ্য বিষয়	ক্রঃনং	সিদ্ধান্ত
০১	গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন প্রসংগে	০১	অধ্যকার সভায় সভাপতি সাহেব এর অনুমতিক্রমে গত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনানো হয়। উহার উপর কারো কোন আপত্তি বা বিরূপ মন্তব্য না থাকায় তা সর্ব-সম্মতিক্রমে অনুমোদন করা হলো।
০২	প্রশ্ন ও উত্তরপর্ব	০২	অধ্যকার বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) এর আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহনের সভার সভাপতি সাহেব এর অনুমতিক্রমে প্রশ্ন ও উত্তরপর্ব অনুষ্ঠিত হয়। যা নিম্নরূপ

#### প্রশ্ন ও উত্তরপর্ব

ক্রঃনং	প্রশ্নকারীর নাম ও ঠিকানা	প্রশ্ন
০১	মোঃ মোস্তফার আলী, গ্রাম: বিলসা ডাক: বিলসা, গুরুদাসপুর, নাটোর।	সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ কত দিন?
০২	মোঃ মিজান, গ্রাম: পিপলা ডাক: খুবজীপুর, গুরুদাসপুর, নাটোর।	সমবায় সমিতির কর্ম এলাকা কিভাবে নির্ধারন করা হয়?
০৩	মোঃ ফিরোজুল ইসলাম, গ্রাম: যোগেন্দ্রনগর ডাক: সাবগাড়া, গুরুদাসপুর, নাটোর।	সমবায় সমিতির সদস্যপদ বাতিল কিভাবে করতে হয়?
০৪	মোঃ আব্দুল হামান, গ্রাম: চাপিলা ডাক: ব-পাখুরিয়া, গুরুদাসপুর, নাটোর।	সমবায় আইনের প্রয়োগ কিভাবে হয়?

উল্লিখিত প্রশ্নগুলো নিয়ে সভাপতি ও উপজেলা সমবায় অফিসার, গুরুদাসপুর, নাটোর, বিশদভাবে উপস্থিত সকলের মাঝে আলোকপাত করেন। ব্যাপক আলোচনান্তে উপস্থিত সকলেই উক্ত প্রশ্ন/ বিষয়গুলোর যথাযথ উত্তর পাওয়ায় অত্র সভার সভাপতি ও উপজেলা সমবায় অফিসার, গুরুদাসপুর, নাটোর সাহেব কে ধন্যবাদ জানান।

অধ্যকার অংশীজনের অংশগ্রহনের সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৯/০৮/২৪  
(মোঃ রবিউল রানা)  
সভাপতি

ও  
উপজেলা সমবায় অফিসার  
গুরুদাসপুর, নাটোর।

তারিখ-১৯/০৮/২৪ খ্রিঃ।

স্মারক নং- ৪৭.৬১.৬৯৪১.০০০.৩৯.০২৫.২২-২৩৫/১(১)  
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-  
১। জেলা সমবায় কর্মকর্তা, নাটোর।  
২। অফিস কপি।



১৯/০৮/২৪  
উপজেলা সমবায় অফিসার  
গুরুদাসপুর, নাটোর।